তারিখ 22 MAR 2016
পৃষ্ঠা ২ কলাম ৪

যুগান্তর

# স্কুল মাদ্রাসায় 'শিক্ষার্থী মন্ত্রিসভা' গঠন

**যুগান্তর রিপোর্ট**

ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্যে সোমবার দেশের ১৮ সহস াধিক স্কুল-মাদ্রাসায় 'শিক্ষার্থী-মন্ত্রিসভা' নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সাংস্কৃতিক, ক্রীড়া ও সহশিক্ষা কার্যক্রম আয়োজনে প্রতিষ্ঠানের সহায়ক শক্তি হিসেবে এ ফোরাম গঠন করা হয়।

এ নির্বাচনকে সামনে রেখে দেশের শিক্ষা বিভাগের প্রধান খোদ শিক্ষামন্ত্রী থেকে শুরু করে মন্ত্রণালয়ের কর্মকর্তা, মাঠ প্রশাসন, শিক্ষক ও অভিভাবকরা খুবই উৎসাহী ছিলেন। সাধারণ জনপ্রতিনিধি নির্বাচনের মতোই স্কুলে স্কুলে ভোট অনুষ্ঠানের আমেজ তৈরি করা হয়। প্রার্থীদের কোনো মার্কা ছিল না। এরপরও বিভিন্ন স্কুলে সৃষ্টি হয় উৎসবমুখর পরিবেশ। মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে গিয়ে দেখা যায়, স্কুলের ইউনিফর্ম পরা ছাত্রীরা দীর্ঘ লাইনে দাঁড়িয়ে আছে এক একটি ভোট কক্ষের সামনে। ভেতরে ব্যালট বাক্স, ভোটার তালিকা, ভোটার যাচাইয়ের জন্য প্রার্থীর পোলিং এজেন্ট এবং নির্বাচন পরিচালনার জন্য নির্বাচনী কর্মকর্তা ও পর্যবেক্ষক সবই আছেন। এরাও সবাই ছাত্রী। সকাল ৯টা থেকে বিরতিহীনভাবে দুপুর ২টা পর্যন্ত চলে ভোট গ্রহণ। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সকাল দশটার দিকে এই স্কুলে নির্বাচন পরিস্থিতি পরিদর্শন করতে যান।